

 সাক্ষাত্কার ভিডিও ছবি

জেলা

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে আন্দোলনকারী শিক্ষার্থীকে মারধরের প্রতিবাদে ছাত্রলীগ নেতৃত্বের পদত্যাগ

 সংবাদদাতা কুমিল্লা

কুমিল্লা বিশ্ববিদ্যালয় ছবি: সংগৃহীত

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সঙ্গে জড়িত ফরহাদ কাউসার নামের এক শিক্ষার্থীর ওপর ছাত্রলীগ হামলা চালিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনার নিন্দা জানিয়ে নুসরাত জাহান (সৌরভী) নামের এক নেতৃত্ব শাখা ছাত্রলীগ থেকে পদত্যাগের ঘোষণা দিয়েছেন।

নুসরাত কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী হল শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদকের দায়িত্বে ছিলেন। গতকাল সোমবার রাত সাড়ে নটায় নিজের ফেসবুক প্রোফাইলে দেওয়া এক পোস্টে বিষয়টি নিশ্চিত করেছেন তিনি।

ওই ফেসবুক পোস্টে তিনি উল্লেখ করেন, ‘নওয়াব ফয়জুন্নেছা হল, কুমিল্লা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক পদ থেকে স্বেচ্ছায় পদত্যাগ করলাম। আমি লজিত যে, আমি এমন একটা সংগঠনের সাথে জড়িত ছিলাম।’

পদত্যাগের বিষয়ে জানতে চাইলে নুসরাত জাহান সৌরভী এই প্রতিবেদকে বলেন, ‘আপনিও মানুষ, আমিও মানুষ, আপনিও জানেন দেশে কী হচ্ছে। সেই মানবিক দিক বিবেচনা করে আমি শাখা ছাত্রলীগ থেকে পদত্যাগ করেছি।’

এর আগে গতকাল রাত আটটার দিকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক ফরহাদ কাউসার শহর থেকে ক্যাম্পাসে ফিরে হলে আসার পথে ছাত্রলীগের আট কর্মী তাঁকে ডেকে নেন। এ সময় ফরহাদের মুঠোফোন ঝাঁটাঝাঁটি করেন। কোটা

আন্দোলনের সঙ্গে সম্পৃক্ততা পাওয়ায় একপর্যায়ে তাঁকে মারধরও করা হয়।

 **প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো**
করুন



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান

সঞ্চ ও © ১৯৯৮-২০২৪ প্রথম আলো